

তারিখ : 16/03/2017

**আরবিআই নাগপুর, মহারাষ্ট্র- স্থিত নবোদয় আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড –এর প্রতি জারিকৃত বিশেষ নিয়ন্ত্রণবিধির
পরিমার্জন করল**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক নাগপুর-স্থিত নবোদয় আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর প্রতি জারিকৃত বিশেষ নিয়ন্ত্রণবিধির পরিমার্জন করল। পর্যালোচনার সাপেক্ষে উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধি জুন 15, 2017 পর্যন্ত বৈধ থাকবে। ইতিপূর্বে উক্ত ব্যাঙ্কটিকে ডিসেম্বর 15, 2016 থেকে বিশেষ নিয়ন্ত্রণবিধির অধীনে আনা হয়েছিল।

ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 35A –এর উপধারা (1)–এর অধীনে রিজার্ভ ব্যাঙ্কের উপর ন্যস্ত ক্ষমতাবলে উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধি আরোপ করা হয়েছিল। আগ্রহী জনসাধারণের অবগতির জন্য, বিশেষ নিয়ন্ত্রণবিধির প্রতিলিপি ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে।

রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক বিশেষ নিয়ন্ত্রণবিধি জারির অর্থ এই নয় যে রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক ব্যাঙ্কিং লাইসেন্স বাতিল করা হয়েছে। আর্থিক অবস্থার উন্নতি ঘটা অবধি উক্ত ব্যাঙ্ক বিধিনিষেধ মেনে ব্যাঙ্কিং ব্যবসাকার্য অব্যাহত রাখতে পারবে। উদ্ভূত পরিস্থিতির উপর নির্ভর করে রিজার্ভ ব্যাঙ্ক উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির পরিমার্জন বিবেচনা করতে পারে।

প্রেস প্রকাশনি : 2016-2017/2468

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা